



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা □ পশ্চিম ত্রিপুরা □ পিন - ৭৯৯ ০০১

রেফ নং :

তারিখ :

প্রেস রিলিজ

দেবদারুর চাখই কলোনীতে নির্যাতিতা পার্বতীর সঙ্গে মহিলা কমিশন

গত ৫/৪/১০ প্রভাতী দৈনিক সংবাদ পত্রিকার 'কাজির বিচার: ধর্ষককে পাঁচশ টাকা জরিমানা' খবরটি কমিশনের দৃষ্টি আকর্ষণ করে। ৬/৪/১০ তারিখে ত্রিপুরা মহিলা কমিশনের সভানেত্রী সদস্য শ্রীমতি নিভা দেববর্মা এবং একজন কাউন্সেলারকে সঙ্গে নিয়ে ঘটনাস্থল বাইখোরা থানাধীন এবং এডিসি এলাকার অন্তর্ভুক্ত দেবদারু গ্রামে, চাখই কলোনীতে (রবিধনপাড়া) শ্রীলতাহানির স্বীকার ২৪ বৎসর বয়সী পার্বতী (কল্পিত নাম) মগের সাথে মিলিত হন। স্বল্পভাষী পার্বতী দিনমজুর স্বামীর অবর্তমানে একমাত্র আড়াইবছরের শিশুসন্তান সহ ঘরে একাই ছিলেন। ২/৪/১০ তারিখে রাত ১১টায়ে পাশের গ্রামের মুন্সী মগ নামে এক যুবক পার্বতীর ঘরের বাঁশের দরজা ভেঙ্গে ঘরে ভুকে তার শ্রীলতাহানি করে। আতঙ্কিত পার্বতী কমিশন সদস্যদের জানায় যে তাঁর চিংকার শুনে গ্রামেরই তিনটি ছেলে এসে তাকে রক্ষা না করলে তার চরম সর্বনাশ হয়ে যেতো। তাঁরা মুন্সী মগকে মেরে পার্বতীর বাড়ী থেকে বিদায় করে। সেই রাতেই ঘরের বাঁশের কড়ি থেকে ফাঁসি দিয়ে আত্মহত্যা করে নারী জীবনের চরম লাঞ্ছনা, লজ্জা ও অপমানের হাত থেকে পার্বতী মুক্তি পেতে চেয়েছিল। কিন্তু শ্রীলতাহানির ঘটনাটি জানাজানি হয়ে যাওয়ায় ঠিক ঐ সময়ই প্রতিবেশী লোকজন, অন্যবাড়ীতে থাকা শাশুড়ী, সকলে পার্বতীর বাড়ীতে আসেন এবং পার্বতীকে ঝুলন্ত অবস্থায় দেখতে পেয়ে তাড়াতাড়ি গলার দড়ি কেটে তাকে মৃত্যুর হাত থেকে রক্ষা করেন। চরম অবমাননা ও অসম্মান থেকে মুক্তি পাবার জন্য পার্বতী যে আত্মহননের পথ নিয়েছিল তার সাক্ষ্য বহন করে চলেছে তার গলার গভীর কালসিটে ফাঁসির দাগটি যা কমিশন সদস্যরা প্রত্যক্ষ করেন।

Archana Bhattacharya
Member Secretary,
Tripora Commission for Women



ফোন নং : (০৩৮১) ৩৩২ ৩৩৫৫
৩৩২ ২৯১২

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা □ পশ্চিম ত্রিপুরা □ পিন - ৭৯৯ ০০১

রেফ নং :

তারিখ :

এই ঘটনার পরের দিন বিকালে অভিযুক্ত মুন্সী মগের মায়ের অনুরোধে উত্তর ইচাছড়া ভিলেজ কমিটির চেয়ারম্যান শ্রী মৌসউ মগ নির্বাহিতা পার্বতীর বাড়ীতেই একটি বিচার সভার আয়োজন করেন। বিচার সভায় পার্বতী, তার স্বামী ও অভিযুক্ত লম্পট মুন্সী মগ সহ দুপক্ষে আত্মীয়স্বজন মিলে প্রায় ১০০জন গ্রামবাসী উপস্থিত ছিলেন। ভিলেজ কমিটির চেয়ারম্যান সকলের সামনে মুন্সী মগের বিরুদ্ধে ধানায় অভিযোগ জানাতে বললেও পার্বতী ও তার স্বামী রাজী হয়নি। কারণ তাদের বিশ্বাস আইনি শাস্তি দৃষ্টক সংশোধন করতে পারবে না। সমাজের তিরস্কারই তার সংশোধনের সঠিক পথ। তবে অভিযুক্ত মুন্সী মগ ৫০০ টাকা দিয়ে অপরাধের অভিযোগ থেকে মুক্তি পেয়েছে এ কথা সত্য নয়। ঘটনাটি তদন্তের সময় ইচাছড়া ভিলেজ কমিটির চেয়ারম্যান নিজে কমিশনের সামনে উপস্থিত থেকে জানিয়েছেন যে, তিনি নিজের উদ্যোগে ভিলেজ কমিটির ফান্ড থেকে চিকিৎসার জন্য মেয়েটিকে ৫০০ টাকা দিয়েছেন।

কমিশনের তরফে নির্বাহিতা মেয়েটিকে আত্মহননের পথ থেকে বিরত থাকার উপদেশ দিয়ে যে কোন বিপদে কমিশনের সঙ্গে যোগাযোগ করার কথা বলা হয়েছে। তাকে আরও বলা হয়েছে যে অপরাধীকে উপযুক্ত শাস্তি দেবার ব্যবস্থা এখনও করা যায় তবে এ জন্য তাকে পুলিশের কাছে অভিযোগ জানাতে হবে।

অভিযুক্ত মুন্সী মগ বহাল তবিয়তে বাড়ীতে আছে। এতবড় অপরাধে তার কোনপ্রকার আইনগত শাস্তি না হওয়ায় কমিশন অত্যন্ত ক্ষুব্ধ। পার্বতী এবং তার স্বামীর সারল্যের অবকাশে সে মুক্তি পেলেও এ ধরনের চরিত্র যে সংশোধিত হবার নয় ; এ সত্য বর্তমানে সকলেই উপলব্ধি করতে পারছেন।

পার্বতীর বাড়ী থেকে বেরিয়ে কমিশন সদস্যরা চলে যান দেবদারুর সর্বাধিকা কেন্দ্রে। সেখানে উপস্থিত ছিলেন জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি গ্রাম পঞ্চায়েত এবং ভিলেজ কমিটির সদস্যসহ স্থানীয় স্কুলের শিক্ষক এবং গ্রামের অন্যান্য সম্মানিত ব্যক্তিগণ। তাঁদের নিয়ে কমিশন দীর্ঘ আলোচনা



Archana Bhattacharya
Member Secretary,
Tripura Commission for Women



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন

মেসারমাঠ □ আগরতলা □ পশ্চিম ত্রিপুরা □ পিন - ৭৯৯ ০০১

রেফ নং :

তারিখ :

সভায় মিলিত হয়। সভায় উপস্থিত সদস্যরা কমিশনকে জানান পার্বতীর ওপর শ্রীলতাহানির মত ঘটনা সহ গ্রামে গঞ্জে মেয়েদের ওপর পারিবারিক নির্যাতন, ১৮ বছরের আগেই মেয়েদের বিয়ে দেওয়া, তাদের বিদ্যালয় ছেড়ে দেওয়া, ইত্যাদি ঘটনাসমূহ প্রায়ই ঘটে চলেছে। এসব সমস্যাসমূহের সমাধান সম্পর্কে কমিশন সদস্যদের কাছ থেকে সভায় উপস্থিত সদস্যরা পরামর্শ চান। কিভাবে এসব ব্যধি সমাজ থেকে দূর করা যায় তা নিয়ে কমিশন সদস্যদের সঙ্গে সভায় উপস্থিত সদস্যদের দীর্ঘ সময় ধরে মত বিনিময় হয়। কমিশন জনপ্রতিনিধিদের এধরণের ঘটনাসমূহ যাতে না ঘটে পারে তার জন্য মানুষকে সচেতন করার দায়িত্ব নিতে অনুরোধ করে। তাছাড়া, মেয়েদের বিরুদ্ধে আইনত দণ্ডনীয় অপরাধের ক্ষেত্রে গ্রামীন বিচারে মীমাংসা করে দেওয়া যে কখনই কাম্য নয় একথাও কমিশন সদস্যরা সকলকে বলেন। মেয়েদের সুরক্ষায়, শিক্ষায়, সচেতনতায় সদস্যদের অগ্রণী ভূমিকা নেবার ওপর কমিশন গুরুত্ব দেয়। দুর্ঘটনা ঘটার আগে সতর্ক পদক্ষেপ একান্তই জরুরী।

Arohana Bhattacharjee
Member Secretary.

Member Secretary for Women